গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
ভূমি অধিগ্রহণ অনুবিভাগ
সাধারণ শাখা
www.dhaka.gov.bd

নম্বর: ০৫.৪১.২৬০০.০০০.০৪০.১১.০০০১.২৫.৬৮ তারিখ: ০৪ কার্তিক ১৪৩২ / ২০ অক্টোবর ২০২৫

**"নিয়োগ বিজ্ঞপ্তি"**

ভূমি মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-০১ শাখার ১৫ সেপ্টেম্বর ২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.১৪৪.১২.৫৭৫ নম্বর স্মারকে প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকার ভূমি অধিগ্রহণ শাখার নিম্নবর্ণিত শূন্য পদসমূহে অস্থায়ী ভিত্তিতে প্রচলিত নিয়োগ বিধি অনুযায়ী সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও ঢাকা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে Online এ (https://dcdhaka.teletalk.com.bd) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র.নং | পদের নাম | পদ সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১১ (এগারো) টি | গ্রেড- ১৬ (৯,৩০০-২২,৪৯০) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষর গতি মিনিটে বাংলায় সর্বনিম্ন ২০ শব্দ এবং ইংরেজিতে সর্বনিম্ন ২০ শব্দ হতে হবে। |
| ০২ | পরিচ্ছন্নতা কর্মী | ০১ (এক) টি | গ্রেড- ২০ (৮,২৫০-২০,০১০) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**শর্তাবলী:**

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও ঢাকা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৩। সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অনুমতি গ্রহণ করে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং উক্ত অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় সাক্ষাৎকার বোর্ডের নিকট দাখিল করতে হবে।

০৪। চাকরির জন্য আবেদন আগামী ২৭/১০/২০২৫ তারিখ হতে সকাল ১০.০০ টা হতে ১৬/১১/২০২৫ তারিখ বিকাল ৫.০০টা পর্যন্ত অনলাইনে দাখিল করা যাবে। সরাসরি/ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।

০৫। প্রার্থীর বয়সসীমা ১৬/১১/২০২৫ তারিখে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স নিরূপণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

**০৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে:**

ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)।

খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদপত্র/সাময়িক সনদপত্র ও মার্কস শীট।

গ) ঢাকা জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে সিটি কর্পোরেশনের প্রশাসক/ মেয়র/ ওয়ার্ড কাউন্সিলর/ পৌরসভার প্রশাসক/ মেয়র/ ওয়ার্ড কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ প্রশাসক কর্তৃক প্রদত্ত মূল নাগরিকত্ব সনদপত্র।

ঘ) জাতীয় পরিচয়পত্র ও অনলাইন জন্ম নিবন্ধন সনদের মূল কপি অবশ্যই মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

ঙ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হিসেবে মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ৩১ আগস্ট ২০২৩ তারিখের ৪৮.০০.০০০০.০০২.৯৯.০০৪.১৮.১৯ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.molwa.gov.bd) এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর ওয়েবসাইটে (https://bffwt.gov.bd) প্রকাশিত একটি প্রমাণক দাখিল করতে হবে। উক্ত প্রমাণকে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নাম থাকতে হবে।

চ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এই মর্মে সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট পৌরসভার/ইউনিয়ন পরিষদ এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত (সত্যায়িত) সনদপত্র/প্রত্যয়নপত্র।

ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক কর্তৃক ক্ষুদ্র নৃ-গোষ্ঠী পরিচয় বিষয়ক সনদপত্র।

জ) অন্যান্য কোটায় নিয়োগ প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার জন্য সরকার কর্তৃক নির্ধারিত সনদ/প্রমাণক।

ঝ) কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র।

ঞ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)।

ট) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত অনুমতিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

০৭। নিয়োগের ক্ষেত্রে সরকারি সর্বশেষ সকল বিধি-বিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত সর্বশেষ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩/০৭/২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪.১৪১ নং প্রজ্ঞাপনে জারীকৃত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের জন্য আবেদনের ক্ষেত্রে প্রার্থী তার দাবির স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্র/প্রমাণক মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে না পারলে তার দাবি অগ্রাহ্য বলে গণ্য হবে এবং তিনি সাধারণ প্রার্থী হিসেবে বিবেচিত হবেন। কোটায় নিয়োগের সুপারিশের জন্য প্রার্থীদের সনদ/প্রমাণক বিবেচনা/গ্রহণের ক্ষেত্রে সাক্ষাৎকার বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক যাচাইয়ে উক্ত সনদ সঠিক বলে প্রমাণিত হতে হবে।

০৮। এই নিয়োগ বিজ্ঞপ্তি ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১ এর আলোকে সম্পন্ন করা হবে।

**০৯। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।**

১০। নিয়োগ বিজ্ঞপ্তির ০১ (এক) নং পদে নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধি মতে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেবল লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য মর্মে বিবেচিত হবেন এবং ০২ (দুই) নং পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য মর্মে বিবেচিত হবেন। উভয় পদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত সকল সনদ ও কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি ০১ (এক) সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবিযুক্ত সিল থাকতে হবে।

১১। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল, ত্রুটি বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/ নিয়োগ কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

১৩। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদে চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটা নীতি অনুসরণ করা হবে।

১৪। আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবে না।

১৫। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিপাদন সম্পাদন করা হবে।

১৭। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

১৮। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

ক) আগ্রহী প্রার্থীগণ https://dcdhaka.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৭/১০/২০২৫ তারিখ সকাল ১০:০০ টা।

ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৬/১১/২০২৫ তারিখ বিকাল ০৫:০০ টা।

iii) উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk Prepaid Mobile নম্বর থেকে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষর ৬০ KB হতে হবে।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পুরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় ০১ (এক) কপি জমা দিবেন।

ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য, স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি নিশ্চিত করে Download ও রঙিন Print করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's Copy-তে একটি User ID দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Prepaid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS এর মাধ্যমে ০১ (এক) নং পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০ (একশত) টাকা এবং অনলাইন ফি বা টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২ (বারো) টাকা সহ অফেরতযোগ্য মোট ১১২ (একশত বারো) টাকা পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। ০২ (দুই) নং পদের জন্য প্রার্থীরা আবেদন ফি বাবদ ৫০ (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ( অফেরতযোগ্য) ০৬ (ছয়) টাকাসহ মোট ৫৬ (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে। । তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীরা আবেদন ফি বাবদ ৫০ (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ০৬ (ছয়) টাকাসহ মোট ৫৬ (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online- এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

| | | |
|---|---|---|
| প্রথম SMS | : | DCDHAKA<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে |
| Example | : | DCDHAKA ABCDEF and send to 16222 |
| Reply | : | Congratulations Applicant's Name, Tk. 112 or Tk.56 Will be charged as application fee. Your PIN is 12345678 To pay fee Type DCDHAKA YES PIN and send to 16222. |
| দ্বিতীয় SMS | : | DCDHAKA< space>Yes<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে |
| Example | : | DCDHAKA Yes 12345678 and send to 16222 |
| Reply | : | Congratulations Applicant's Name, payment completed successfully for DCDHAKA application for post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx) |

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dcdhaka.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে sms-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষায় অবশ্যই প্রদর্শন করবেন।

জ) User Id ও Password হারিয়ে/ভুলে গেলে শুধুমাত্র Teletalk Prepaid Mobile নম্বর হতে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User Id এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User Id জানা থাকলে:
DCDHAKA <space>Help <space>User<space>User ID & send to 16222
Example: DCDHAKA Help User ABCDEF & send to 16222

ii) PIN Number জানা থাকলে:
DCDHAKA<space>Help<space>PIN<space>PIN No & send to 16222
Example: DCDHAKA Help PIN 1234567 & send to 16222

ঝ) অনলাইনে আবেদন এবং ফি (টাকা) জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এ ক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে 121 নম্বর অথবা alljobs.quary@teletalk.com.bd বা dcdhaka@mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

ট) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও ঢাকা জেলার ওয়েবপোর্টাল www.dhaka.gov.bd এবং https://dcdhaka.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করে পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.dhaka.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

বি.দ্র.: শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে সময় নিয়ে আবেদনপত্র পূরণ ও ফি জমাদান করার জন্য আগ্রহীদের পরামর্শ দেয়া হলো।

২০/১০/২৫

তানভীর আহমেদ
জেলা প্রশাসক
ঢাকা
☏৯৫৫৬৬২৮
E-mail:dcdhaka@mopa.gov.bd

নম্বর: ০৫.৪১.২৬০০.০০০.০৪০.১১.০০০১.২৫.৬৯৫

তারিখ: ০৪ কার্তিক ১৪৩২ / ২০ অক্টোবর ২০২৫

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। চেয়ারম্যান (সচিব), ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা ও সভাপতি, বিভাগীয় নির্বাচন বোর্ড, ঢাকা।
০৫। জেলা প্রশাসক ............................................ (সকল)।
০৬। পুলিশ সুপার, ঢাকা জেলা।
০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঢাকা।
০৮। সিভিল সার্জন, ঢাকা।
০৯। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।

১০। অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা ।

১১। উপজেলা নির্বাহী অফিসার,সাভার/ধামরাই/কেরানীগঞ্জ/নবাবগঞ্জ/দোহার, ঢাকা (নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)।

১২। সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার............................শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।

১৩। উপপরিচালক, জেলা তথ্য অফিস, ঢাকা।

১৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

১৫। সহকারী কমিশনার (ভূমি),... ... ... ..............................................., ঢাকা (নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)।

১৬। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ভূমি মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।

১৮। পোস্ট মাস্টার, প্রধান ডাকঘর, ঢাকা।

১৯। প্রশাসক, মুক্তিযোদ্ধা সংসদ, ঢাকা জেলা কমান্ড।

২০। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং ৩/এ, ৫/এ, ৭/এ, রোড নং-১৭, গুলশান-১, ঢাকা-১২১২। (তাঁকে উল্লিখিত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)

২১। সম্পাদক, দৈনিক যুগান্তর, ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ এবং সম্পাদক, ডেইলি টাইমস অব বাংলাদেশ, ইডিবি ট্রেড সেন্টার (লেভেল-১৩), ৯৩ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা-১২১৫। (উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় ৯ সাইজের ভিতরের পাতায় ০১ (এক) দিনের জন্য স্বল্পপরিসরে প্রকাশ করে নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারিত সংখ্যার ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)

২২। অফিস কপি।

২৭/৩/১৫

জেলা প্রশাসক
ঢাকা